



অগ্নিকাণ্ডের পরও স্থবিরতা, শাহজালালের ৯ নং গেটে পণ্য খালাস শুরু হয়নি



সংগৃহীত ছবি

কার্গো ভিলেজে অগ্নিকাণ্ডের তিন দিন পরও বিকল্প ৯ নং গেটে আমদানি পণ্য খালাস কার্যক্রম শুরু হয়নি। সকাল থেকে অপেক্ষায় ছিলেন আমদানিকারক ও সিএন্ডএফ এজেন্টরা, কিন্তু কোনও প্রস্তুতি বা কার্যক্রম চোখে পড়েনি।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে আগুন লাগার পর শনিবার কাস্টমস কর্তৃপক্ষ বিকল্প হিসেবে ৯ নং গেট দিয়ে আমদানি পণ্য খালাসের নির্দেশনা দেয়। কিন্তু সোমবার (২০ অক্টোবর) সকাল পর্যন্ত কার্যক্রম শুরু হয়নি। সকাল থেকে গেটের সামনে অবস্থান নেন আমদানিকারক, সিএন্ডএফ এজেন্ট ও কুরিয়ার প্রতিনিধিরা, তবে কোনও আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু না হওয়ায় তারা হতাশা প্রকাশ করেন।

অংশীজনদের অভিযোগ, গেট এলাকায় ভারী পণ্য খালাসের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম—যেমন হাইস্টার বা ফর্কলিফট—নেই। ফলে কার্যিক পরীক্ষণ ও শুষ্ক প্রক্রিয়া সম্পূর্ণ অনিশ্চয়তা তৈরি হয়েছে। সময়মতো পণ্য খালাস না হলে ব্যবসায়িক ক্ষতির আশঙ্কাও করছেন তারা।

এর আগে, শনিবার (১৮ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে শাহজালাল বিমানবন্দরের কার্গো ভিলেজে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। ফায়ার সার্ভিসের ৩৭টি ইউনিট দীর্ঘ প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে এবং পরদিন রোববার সকালে আগুন পুরোপুরি নির্বাণ করে।